দৈনিক বাংলা

202

তারিখ ... 4.12.79 ...
পৃষ্ঠা ... 12 কলাম ... 2 ...

# খাল খনন কর্মসূচী সফল করার শপথ

॥ তবারক হোসাইন ॥

সুনামগঞ্জ, ৩রা ডিসেম্বর।— সুনামগঞ্জ মহকুমার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্য, স্কুল মাদ্রাসার শিক্ষক, মসজিদের ইমাম, সমাজকর্মী ও মহিলাসহ সর্বস্তরের জনগণ প্রেসিডেন্ট জিয়ার বিপ্লব ও স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে খাল খনন কর্মসূচীকে সফল করে তোলার শপথ গ্রহণ করেছেন। আজ সন্ধ্যায় স্থানীয় বিডি হলে অনুষ্ঠিত এক সমাবেশে প্রেসিডেন্ট জিয়ার আহ্বানে তাঁরা এই শপথ গ্রহণ করেন।

সমাবেশে ভাষণদানকালে প্রেসিডেন্ট জিয়া বলেন, আজ দেশে কোন রাজনৈতিক ইস্যু নেই। দুটি নির্বাচনের মাধ্যমে জনগণ অতীতের রাজনৈতিক ইস্যুগুলোর সমাধান করেছেন। এখন দেশের সার্বিক উন্নয়নই মূল কথা এবং বিপ্লবের মাধ্যমেই এর সমাধান করতে হবে।

তিনি বলেন, এই বিপ্লব হবে শান্তিপূর্ণভাবে, গণতান্ত্রিক পদ্ধতিতে এবং জাতীয় সংসদের মাধ্যমে।

প্রেসিডেন্ট জিয়া বলেন, অতীতে রাজনৈতিক নেতৃত্ব জনগণের কল্যাণে কোন উদ্যোগ নেননি বরং আত্মস্বার্থ সিদ্ধির প্রচেষ্টায় নিয়োজিত ছিলো বলেই আজ দেশে দারিদ্র অবস্থা বিরাজ করছে। তিনি ঘোষণা করেন, অতীতের রাজনীতির দিন শেষ

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

**খাল খনন**

(১ম পৃঃ পর)

হয়েছে। বিএনপি নেতাদের জনগণের মধ্যে থেকে জনগণকে সঙ্গে নিয়েই দেশ গড়ার কাজে আত্মনিয়োগ করতে হবে।

আসন্ন বিপ্লবের প্রথম স্তর হিসাবে কৃষি ক্ষেত্রে খাল খনন কর্মসূচীর উল্লেখ করে প্রেসিডেন্ট বলেন, আমাদের এই কর্মসূচীকে সফল করা ছাড়া অন্য কোন বিকল্প নেই।

প্রেসিডেন্ট জিয়া ঘোষণা করেন, স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে খনন করা খালে যতগুলো পাওয়ার পাম্প ব্যবহার করা হবে তার সবগুলোই বিনামূল্যে দেয়া হবে।

সুনামগঞ্জ মহকুমাকে দেশের অত্যন্ত অবহেলিত অঞ্চল হিসাবে অভিহিত করে প্রেসিডেন্ট জিয়া সুনামগঞ্জ মহকুমার সার্বিক উন্নয়নের জন্য বাণিজ্যমন্ত্রী জনাব ছয়ফুর রহমানের নেতৃত্বে সুনামগঞ্জ মহকুমা উন্নয়ন কমিটি গঠনের কথা ঘোষণা করেন।

সমাবেশে অন্যান্যের মধ্যে জাতীয় সংসদ সদস্য মেজর (অবসরপ্রাপ্ত) ইকবাল হোসেন চৌধুরী, ফাতেমা চৌধুরী, লক্ষণশ্রী ইউপির চেয়ারম্যান জনাব আবুল ওয়াহেদ প্রমুখ বক্তৃতা করেন। সমাবেশে বাণিজ্যমন্ত্রী জনাব ছয়ফুর রহমান, রেল প্রতিমন্ত্রী দেওয়ান তৈমুর রেজা চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট আজ অপরাহ্নে সিলেট থেকে সড়কযোগে সুনামগঞ্জ পৌঁছুলে হাজার হাজার লোক তাঁকে সংবর্ধনা জানান। প্রেসিডেন্ট সুনামগঞ্জ শহরের প্রবেশমুখে গাড়ি থেকে নেমে পায়ে হেঁটে প্রায় ৮ মাইল পথ অতিক্রম করেন এবং সার্কিট হাউসের সামনে কয়েক হাজার লোকের এক সমাবেশে ভাষণ দেন। সমাবেশে জনগণের উদ্দেশে প্রেসিডেন্ট স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে খাল খনন কর্মসূচী সফল করে তোলার আহ্বান জানান।

**বিএনপির কর্মী সমাবেশ**

রাতে সুনামগঞ্জ মহকুমা বিএনপির নেতা ও কর্মীদের এক সমাবেশে প্রেসিডেন্ট জিয়া আহূত কৃষি সংক্রান্ত কর্মসূচীকে সফল করে তোলার পথনির্দেশ সম্পর্কে আলোচনা করা হয়।